**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-ধবিম/হঃশাঃ/১-২/২০১০/২৪৫ তারিখঃ ১৩/০৪/২০১০ খ্রিঃ

**১৪৩১ হিজরী হজ্জ প্যাকেজ**

আগামী ১০ই যিলহজ্জ ১৪৩১ হিজরী (১৭ নভেম্বর ২০১০) তারিখে চাঁদ দেখা সাপেক্ষে ১৪৩১ হিজরী সনের হজ্জ অনুষ্ঠিত হবে। সরকারি ব্যবস্থাপনায় ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ্জ এজেন্সির মাধ্যমে বেসরকারি ব্যবস্থাপনায় হজ্জ সম্পাদন করা যাবে। এ বছর মোট ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) হজ্জযাত্রী প্রেরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ১৫,০০০ জন ও বেসরকারি ব্যবস্থাপনায় ৬০,০০০ জন।

২। **সরকারি ব্যবস্থাপনা ঃ**

(১) সরকারি ব্যবস্থাপনায় হজ্জযাত্রীগণের জন্য জনপ্রতি মোট খরচ টাঃ ২,২৮,৬১৫/- **(দুই লক্ষ আটাশ হাজার ছয়শত পনের)** টাকা নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে ঃ

| ক্রমিক | ব্যয়ের খাতসমূহ | টাকা |
|---|---|---|
| ১. | (ক) বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৩৫০ (১৩৫০×৭০) | ৯৪,৫০০/- |
| | (খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০×১৮.৫০) | ৯২৫/- |
| | (গ) এম্বারকেশন ফি | ৩০০/- |
| | (ঘ) ইন্সিওরেন্স সারচার্জ মার্কিন ডলার ১০ (১০×৭০) | ৭০০/- |
| | মোট | **৯৬,৪২৫/-** |
| ২. | **স্থানীয় সার্ভিস চার্জ**-(আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আইটি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের সেবা প্রদান) | ৩০০/- |
| ৩. | আপৎকালীন ফান্ড, | ৫০/- |
| ৪. | মীনা-আরাফাতের তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদীনা ও মীনা-আরাফাতে পরিবহন ফি ও সার্ভিস চার্জ ইত্যাদি সৌদি রিয়াল-১০৮৯ (১০৮৯×১৮.৫০) | ২০,১৪৭/- |
| ৫. | মোয়াল্লেম এবং মোয়াচ্ছাছাকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ সৌদি রিয়াল ৫০০ (৫০০×১৮.৫০) | ৯,২৫০/- |
| ৬. | মক্কা ও মদিনার বাড়ী ভাড়া সৌদি রিয়াল ৪,০০০+৪০০=৪,৪০০(৪,৪০০× ১৮.৫০) | ৮১,৪০০/- |
| ৭. | **হজ্জযাত্রীর ব্যক্তিগত খরচঃ**<br>খাওয়া খরচঃ<br>১) মদীনায় ৯ দিন অবস্থানের জন্য ৩,৫০০ টাকা<br>২) মিনায় ৫দিন অবস্থানের জন্য ৩,৫০০ টাকা এবং<br>৩) মক্কা ও অন্যান্য স্থানে অবস্থানের জন্য ১০,০০০ টাকা | ১৭,০০০/- |
| | **মোটঃ** | ২,২৪,৫৭২/- |
| ৮. | হজ্জ গাইড ও প্রশিক্ষণ চার্জ | ৪,০৪৩/- |
| | (নোটঃ প্রতি মার্কিন ডলার ৭০.০০ টাকা এবং প্রতি সৌদি রিয়াল ১৮.৫০ টাকা হারে ধরা হয়েছে) সর্বমোট | ২,২৮,৬১৫/- |

(২) **একজন হজ্জযাত্রীর প্রাপ্য সেবাসমূহ ঃ (ক)** সৌদি ভিসা **(খ)** বিমানে সৌদি আরবে আসা-যাওয়ার সুযোগ, **(গ)** মক্কায় ক্বাবা শারীফ থেকে সর্বোচ্চ **১৬৫০ মিটার** ও মদিনায় মসজিদে নববী হতে সর্বোচ্চ **৮০০ মিটারের** মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ীতে আবাসন সুবিধা, **(ঘ)** মক্কায় **৪.০০ বর্গ মিটার** ও মদিনায় **৪.৫ বর্গ মিটার** জায়গায় (বাস্তবে কমবেশী হতে পারে) **১টি খাট, ১টি বেড, ১টি বালিশ ও ১টি কম্বল (ঙ)** কক্ষ **শীতাতপ নিয়ন্ত্রিত** হবে (কোথাও অতিরিক্ত ফ্যান থাকতে পারে), **(চ) ৪-৭ জনের** জন্য **১টি সংযুক্ত/কমন** গোসলখানা/টয়লেট, **(ছ)** প্রতি বাড়ীতে সাপ্লাইয়ের পানির ব্যবস্থা, **(জ)** বাড়ীর প্রতি ফ্লোরে এক বা একাধিক **ফ্রিজ (ঝ)** মীনায় তাঁবুতে প্রতি হাজীর জন্য **১ বর্গ মিটার** জায়গা, **(ঞ)** অনুমোদিত রুটে জেদ্দা-মক্কা-মদিনা-মীনা-আরাফাত-এ যাওয়া-আসার জন্য পরিবহন সুবিধা **(ট)** মক্কা ও মদিনায় সাধারণ **চিকিৎসা সুবিধা, (ঠ)** আশকোনাস্থ হজ্জ ক্যাম্পের ডরমেটরীতে ফ্লাইটপূর্ব থাকার ব্যবস্থা, কাফেটেরিয়াতে নিজ খরচে খাবারের ব্যবস্থা, হজ্জের আহ্‌কাম-আরকান সম্পর্কে **নিবিড় প্রশিক্ষণ,** বইপুস্তক সরবরাহ এবং কাস্টম/ইমিগ্রেশনের আনুষ্ঠানিকতা শেষে বাসযোগে বিমান বন্দরে পৌঁছানো ও **(ড)** প্রতি ৬০ জন হাজীর জন্য ১ জন হজ্জকর্মে অভিজ্ঞ **গাইড** নিয়োগ। উল্লেখ্য, খাওয়া খরচ বাবদ ১৭,০০০/- **(সতের হাজার)** টাকা ঢাকাস্থ হজ্জ ক্যাম্পে সৌদি রিয়ালে হাজীদের নিকট পরিশোধ করা হবে । কুরবানী খরচ বাবদ হজ্জযাত্রীকে আনুমানিক ৮০০০/- (আট হাজার) টাকার সমপরিমান ৪০০ সৌঃ রিঃ (কম/বেশি) পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিয়ে যেতে হবে । যা মক্কায় ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এর মাধ্যমে প্রদান করাই শ্রেয় হবে।

